গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

**স্থানীয় সরকার বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে চলতি অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুহম্মদ ইব্‌রাহিম<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ২৩ নভেম্বর ২০২২ খ্রি, বুধবার, সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান/মাধ্যম | : | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম। |

**সভার আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি বলেন, শুদ্ধাচার কৌশলপত্র বাস্তবায়নে স্টেকহোল্ডারগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। বিশেষ করে মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ প্রতিষ্ঠানগুলো সুন্দরভাবে পরিচালনার ক্ষেত্রে স্টেকহোল্ডারগণ তাদের মূল্যবান পরামর্শ দিয়ে ভূমিকা রাখতে পারেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভাটি পরিচালনা করার জন্য শুদ্ধাচার বিষয়ক এ বিভাগের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (সিটি কর্পোরেশন-১)-কে আহ্বান করেন।

২. সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-১) ও শুদ্ধাচার বিষয়ক এ বিভাগের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ শামছুল ইসলাম গত ২৮ মার্চ ২০২২ তারিখে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন এবং কোনরূপ সংশোধন/সংযোজন/বিয়োজনের প্রস্তাব থাকলে তা জানানোর জন্য সংযুক্ত সকলকে অনুরোধ জানান। কোনরূপ সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্তসমূহ Confirm (দৃঢ়ীকরণ) করা হয়। তিনি ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) সভায় গৃহিত সিদ্ধান্তগুলো উপস্থাপন করেন এবং বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে পর্যায়ক্রমে সভাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অনুরোধ জানান।

৩. অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) সভায় গৃহিত ১নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ঢাকা ওয়াসার বাণিজ্যিক ব্যবস্থাপক জনাব উত্তম কুমার রায় বলেন, কোভিড-১৯ মহামারির পূর্বে ঢাকা ওয়াসা কর্তৃক সশরীরে গণশুনানী (Public Hearning) অনুষ্ঠিত হতো। কোভিড-১৯ মহামারি চলাকালীন ভার্চুয়ালি (জুম প্লাটফর্মে) গণশুনানী গ্রহণ অব্যাহত রাখা হয়। দূর-দূরান্তে অবস্থানকারী গ্রাহকদের সরাসরি অংশগ্রহণের সুবিধার্থে বর্তমানেও ভার্চুয়ালি (জুম প্লাটফর্মে) গণশুনানী অনুষ্ঠিত হচ্ছে। গ্রাহকদের সমস্যা বা অভিযোগ যত কঠিন হোক না কেন ০২(দুই) দিনের মধ্যে তা সমাধান করে দেওয়া হয়। ঢাকা ওয়াসার অধীনস্থ কার্যালয়ে কোনো প্রকার ভোগান্তি বা ঘুষ দাবি করা বা কোনো অনিয়মের অভিযোগ থাকলে এবিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৪. সভাপতি বলেন, গণশুনানী অনুষ্ঠিত হওয়ার পূর্বে তা ওয়েবসাইটে থাকলে বা আমাদেরকে জানানো হলে প্রয়োজনে আমরাও এতে অংশগ্রহণ করতে পারবো এবং শুনতে পারবো। তৎপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার বাণিজ্যিক ব্যবস্থাপক জানান, এবিষয়ে ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালকের সাথে দ্রুত আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

৫. চট্টগ্রাম ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এ.কে.এম ফজলুল্লাহ বলেন, চট্টগ্রাম ওয়াসা কর্তৃক সপ্তাহের প্রতি সোমবার সকাল ১০.০০ টায় গণশুনানী অনুষ্ঠিত হয়ে আসছে। অনলাইনে প্রতিদিন ৩/৪টি অভিযোগ পাওয়া যায় যেগুলোর বেশিরভাগই পানির লিকেজ, পানি না পাওয়া এবং বাড়তি বিল ইস্যু সংক্রান্ত। এ অভিযোগগুলো সংশ্লিষ্ট অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের মাধ্যমে On the spot সমাধানের ব্যবস্থা করে দেওয়া হচ্ছে। সম্প্রতি নগরীর বাইরের দিকে পানি সরবরাহের জন্য নতুন স্থাপিত পানির সংযোগ লাইনে পানি প্রবাহের চাপ একটু কম থাকায় কিছু অভিযোগ আসছে। খুব শীঘ্রই এ সমস্যাটি সমাধান হয়ে যাবে মর্মে তিনি জানান।

৬.	খুলনা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক বলেন, খুলনা ওয়াসাতে নিয়মিত গণশুনানী অনুষ্ঠিত হচ্ছে। শুনানীকালে বিলিং এবং মিটার রিডিং সংক্রান্ত অভিযোগই বেশি পাওয়া যায়। অভিযোগ প্রাপ্তির ০২(দুই) দিনের মধ্যে তার সমাধান দেওয়া হয়। কোনো অনিয়মের অভিযোগ পেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং ইতোমধ্যে ০২(দুই) জনের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাদেরকে চাকরিচ্যুত করা হয়েছে।

৭.	রাজশাহী ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মোঃ জাকির হোসেন বলেন, রাজশাহী ওয়াসাতে প্রতি সপ্তাহের নির্ধারিত দিন বুধবারসহ প্রয়োজনে অন্যান্য দিনেও সশরীরে নিয়মিত গণশুনানী অনুষ্ঠিত হচ্ছে। এই গণশুনানী ভার্চুয়ালি (জুম প্লাটফর্মে) আয়োজনের জন্যও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৮.	সভায় অংশ নেওয়া স্টেকহোল্ডারগণের মধ্যে রাজশাহী সিটি কর্পোরেশনের ২৫নং ওয়ার্ডের ১১নং হোল্ডিং এর একজন গ্রাহক জানান, তারা রাজশাহী ওয়াসা হতে পূর্বের তুলনায় বর্তমানে অধিকতর ভালো সেবা পাচ্ছেন। পানি সরবরাহে কোন সমস্যা নেই, তবে পানির গুণগতমানে একটু সমস্যা রয়েছে। তিনি এটি সমাধানের জন্য অনুরোধ জানান। ৫নং ওয়ার্ডের ২৫৮নং হোল্ডিং এর গ্রাহক জনাব মাজহারুল ইসলাম জানান, রাজশাহী ওয়াসায় পূর্বের তুলনায় এখন পানির সরবরাহ অনেক বেড়েছে। তবে বিশুদ্ধ পানি সরবরাহ করার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি রাজশাহী ওয়াসাকে অনুরোধ করেন। ২১নং ওয়ার্ডের ২৮০নং হোল্ডিং এর গ্রাহক জনাব বাদামুল ইসলাম বলেন, রাজশাহী ওয়াসা হতে পর্যাপ্ত পানি পাওয়া যাচ্ছে, তবে পানিতে আর্সেনিক ও ময়লা রয়েছে। খাওয়ার জন্য যাতে বিশুদ্ধ ও নিরাপদ পানি সরবরাহ করা হয় সে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি অনুরোধ জানান।

৯.	এ পর্যায়ে সভাপতি বলেন, স্টেকহোল্ডারগণের বক্তব্য অনুযায়ী রাজশাহী ওয়াসাতে পানির সরবরাহ পর্যাপ্ত আছে কিন্তু পানির গুণগতমানে সমস্যা রয়েছে। পানির গুণগতমান নিশ্চিতকরণে রাজশাহী ওয়াসা কর্তৃক কী ব্যবস্থা নেওয়া হয়েছে বা হচ্ছে তা জানানোর জন্য তিনি অনুরোধ জানান।

১০.	রাজশাহী ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক জানান, রাজশাহীতে বরেন্দ্র অঞ্চলের মাটিতে ম্যাঙ্গানিজ ও আয়রনের পরিমাণ বেশি থাকায় এখানে প্রাকৃতিক কারণেই পানির গুণগত মানে একটু সমস্যা রয়েছে। পানির গুণগতমান নিশ্চিতকরণে এখানে ইতঃপূর্বে স্থাপিত ৪/৫টি ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট মেইনটেন্যান্স করতে খরচ/ব্যয় বেশি হওয়ায় এগুলো অকার্যকর অবস্থায় রয়েছে। বর্তমানে ক্লোরিনেশন পদ্ধতিতে Surface Water Treatment Plant বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এটি বাস্তবায়ন হলে আয়রন ও ম্যাঙ্গানিজমুক্ত বিশুদ্ধ পানি সরবরাহ করা সম্ভব হবে মর্মে তিনি জানান।

১১.	এ পর্যায়ে সভাপতি বলেন, আয়রন ও ম্যাঙ্গানিজ Removal Plant করার জন্য একটি ডিপিপি প্রণয়ন করা যেতে পারে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্লান্টগুলো সচল করা যায় কিনা অথবা এগুলো সচল করা সম্ভব না হলে ১০/১১টি পয়েন্টে Removal Plant করার জন্য একটি ডিপিপি প্রণয়নের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি রাজশাহী ওয়াসাকে অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে, রাজশাহী ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক জানান সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

১২.	NGO AVAS, বরিশাল এর নির্বাহী পরিচালক মিজ্ রহিমা সুলতানা কাজল জানান, AVAS বরিশাল এর একটি শুদ্ধাচার কৌশলপত্র রয়েছে। NGO AVAS ব্যুরো হতে তাদেরকে এ বিষয়ে প্রশিক্ষণ এবং অরিয়েন্টেশন প্রদান করা হয়েছে। তাদের মাসিক সভায় শুদ্ধাচার কৌশলের কর্মপরিকল্পনা অনুযায়ী মাঠ পর্যায়ে সকল কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা নিয়ে আলোচনা করা হয়। তারা পানি, পয়ঃনিষ্কাশন, জলবায়ু পরিবর্তন ইত্যাদি বিষয়গুলো নিয়েও কাজ করছেন মর্মে জানান। অংশীজন হিসেবে অংশ নেওয়া প্রফেসর শাহ সাজেদা, বরিশাল জানান, শুদ্ধাচার কৌশল সরকারের একটি সময়োচিত পদক্ষেপ এবং প্রশংসনীয় উদ্যোগ। বরিশাল সিটি কর্পোরেশন কর্তৃক পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম, রাস্তাঘাট নির্মাণ/সংস্কার কাজ, পানি সরবরাহ ইত্যাদি কার্যাবলী এখন অনেক ভালো পর্যায়ে রয়েছে মর্মে তিনি জানান। তিনি প্রশাসন, রাজনীতি, রাস্তাঘাট ও স্কুল কলেজ নির্মাণ, স্বাস্থ্যসেবাসহ সরকারি বেসরকারি সকল খাত দুর্নীতি ও প্রভাবমুক্ত রাখার ক্ষেত্রে সকলের মনোযোগী হওয়া প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। এসকল কাজ নিয়মিত মনিটরিং জোরদার করার জন্যও তিনি অনুরোধ জানান।

১৩.	সভাপতি এ পর্যায়ে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দুর্নীতিমুক্ত প্রশাসন ব্যবস্থা গড়ে তুলার জন্য আমরা নিরলস কাজ করছি। এ ধরণের আয়োজন প্রকৃতপক্ষে প্রশাসনকে দুর্নীতিমুক্ত করার জন্যই। স্বচ্ছ, দুর্নীতিমুক্ত প্রশাসন ব্যবস্থা গড়ে তুলতে আপনাদের সকলের সহযোগিতা ও ভূমিকা রাখতে হবে মর্মে তিনি জানান।

১৪. বিগত সভায় গৃহিত ২নং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে জনাব মোঃ ওসমান ভুইয়া, উপ-রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও বিধিমালা উভয়ের সংশোধনের লক্ষ্যে ইতোমধ্যে বেশ কয়েকটি সভা করে সংশোধন চূড়ান্ত করা হয়েছে। আগামী মাসের প্রথম সপ্তাহেই জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন সংশোধনের প্রস্তাবটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। ৩নং সিদ্ধান্তের বাস্তবায়ন বিষয়ে তিনি জানান, সফট্‌ওয়্যার এবং সার্ভারজনিত সমস্যাগুলো টেকনিশিয়ান ও ডেভেলপার এর মাধ্যমে সমাধান করা হয়েছে। বর্তমানে সিস্টেম এবং সার্ভারে এসংক্রান্ত কোনো সমস্যা নেই। মাঝে মাঝে কিছু ডেভেলপমেন্ট এর কাজ করার সময় সার্ভার একটু ডাউন থাকে। ডেভেলপমেন্টের কাজ বর্তমানে সুন্দরভাবে চলছে মর্মে তিনি জানান।

১৫. এ পর্যায়ে সচিব মহোদয় বলেন, সামনে স্কুলে নতুন ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত প্রয়োজনে জন্ম নিবন্ধন সনদের চাহিদা বেড়ে যাবে এবং ফলে সার্ভারে কিছুটা চাপ পড়তে পারে। এসময় যেন সার্ভার আপ থাকে অর্থাৎ স্বাভাবিক গতিতে যাতে চালু থাকে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

১৬. বিগত সভায় গৃহিত ৪নং সিদ্ধান্তের বাস্তবায়নের বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন জানান, তাদের সিটি কর্পোরেশনে সকল ওয়ার্ডে জন্ম ও মৃত্যু নিবন্ধন বাবদ প্রাপ্ত ফি চালানের মাধ্যমে ব্যাংকে নির্ধারিত কোডে নিয়মিত জমা প্রদান করা হচ্ছে।

১৭. এ পর্যায়ে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, টাকা জমা প্রদানের চালানের কপি ভেরিফিকেশনের জন্য প্রেরণ করতে হবে। তিনি সকল সিটি কর্পোরেশনে এ বাবদ প্রাপ্ত ফি ব্যাংকে নির্ধারিত কোডে জমা প্রদানপূর্বক চালানের কপি ভেরিফিকেশনের সুবিধার্থে জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

১৮. কুমিল্লা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, তাদের কার্যালয়ের জন্ম ও মৃত্যু নিবন্ধন সেবা প্রদানের সময় সার্ভার ডাউন থাকলে বা এ সংক্রান্ত অন্য কোনো সমস্যার সম্মুখীন হলে জেলা প্রশাসকের কার্যালয়কে জানানো হয়। অনেক ক্ষেত্রে সমস্যাটি সমাধানে বিলম্ব হয়। সকল সিটি কর্পোরেশন তথা স্থানীয় সরকার প্রতিষ্ঠানে জন্ম ও মৃত্যু নিবন্ধন সেবা প্রদানের সুবিধার্থে কেন্দ্রীয়ভাবে একটি কল সেন্টার চালু করা যায় কি না, বিষয়টি বিবেচনার জন্য তিনি সভায় অনুরোধ জানান।

১৯. সভাপতি জন্ম ও মৃত্যু নিবন্ধন সেবা যথাযথভাবে প্রদানের সুবিধার্থে সার্ভার ডাউনজনিত সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জন্ম ও মৃত্যু নিবন্ধন সেবা প্রদানের বিষয়ে কেন্দ্রীয়ভাবে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর নিয়ন্ত্রণে একটি কল সেন্টার চালু করার উদ্যোগ নিতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।

২০. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সচিব (যুগ্মসচিব) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (অতি. দায়িত্ব) জনাব আকরামুজ্জামান জানান, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে বিভিন্ন এলাকার বিদ্যমান বিভিন্ন সমস্যা নিয়ে প্রতি বৃহস্পতিবার গণশুনানী অনুষ্ঠিত হয়। মাননীয় মেয়র সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে প্রকল্পসহ চলমান বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম নিয়মিত পরিদর্শন করেন। তিনি জন্ম ও মৃত্যু নিবন্ধন ফি বাবদ প্রাপ্ত অর্থ সিটি কর্পোরেশনের আয় হিসেবে গণ্য করার ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন।

২১. সভাপতি এ পর্যায়ে বলেন, জন্ম ও মৃত্যু নিবন্ধন বাবদ প্রাপ্ত ফি এর বিষয়ে পর্যালোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে। সিদ্ধান্ত গ্রহণের পূর্ব পর্যন্ত ইতোপূর্বে গৃহিত সিদ্ধান্তের আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন ফি ব্যাংকে নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা প্রদান অব্যাহত রাখার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। পরে তিনি জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধন কার্যক্রমে তৎপর থাকার জন্য উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা জেলা-কে ধন্যবাদ জানিয়ে বলেন, অনেক গুরুত্বপূর্ণ কাজের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধনের তথ্য সংশোধনের প্রয়োজন হয়। অনেক আগের তথ্য সার্ভারে নেই। তিনি জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্য সংশোধনে যাতে কোন সমস্যা সৃষ্টি না হয় সে বিষয়ে সারাদেশের সকল জেলার উপ-পরিচালক, স্থানীয় সরকার এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে তৎপর থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।

২২. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ জনাব মোঃ এনামুল হক জানান, পাবনা সদরের উপজেলা নির্বাহী কর্মকর্তার জন্ম ও মৃত্যু নিবন্ধন আইডি হ্যাক হয়েছে। জটিলতা ও আইডির অবৈধ ব্যবহার রোধে উক্ত আইডি দ্রুত পুনরুদ্ধারের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরোও বলেন, ডিডিএলজিগণের সরকারি ই-মেইল খোলা হয়েছে। উক্ত ইমেইল আইডি ও পাসওয়ার্ড ডিডিএলজিদেরকে সরবরাহ করার জন্য তিনি অনুরোধ জানান।

২৩.	সভাপতি পাবনা সদরের উপজেলা নির্বাহী কর্মকর্তার আইডি দ্রুত পুনরুদ্ধার এবং ডিডিএলজিগণের অনুকূলে চালুকৃত সরকারি ই-মেইল আইডি ও পাসওয়ার্ড তাদেরকে সরবরাহ করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে উপ-রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন বলেন এ বিষয়ে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে।

২৪.	সভায় গৃহিত ৩নং সিদ্ধান্তের বাস্তবায়ন বিষয়ে পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ জানান, মাঠ পর্যায়ের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়গুলো হতে নির্ধারিত ফরমেট অনুযায়ী ম্যানুয়ালি তথ্য সংগ্রহ করে ০৩ (তিন) মাস পর পর রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ে প্রেরণ করা হয়।

২৫.	রংপুর প্রেসক্লাবের সভাপতি জনাব মাহবুব রহমান সভায় সংযুক্ত হয়ে বলেন, রংপুর সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনার অবস্থা তেমন ভালো নয়। এ বিষয়ে একটি প্রকল্প চলমান থাকলেও বাস্তবে আশানুরূপ কোনো ফলাফল দেখা যাচ্ছে না। শ্যামাসুন্দরী নামক একটি খালের কারণে নগরীতে বর্জ্য ব্যবস্থাপনার সমস্যা, মশার উপদ্রব এবং জলাবদ্ধতা বাড়ছে। তিনি মন্ত্রণালয় হতে একটি টিম দিয়ে বর্জ্য ব্যবস্থাপনায় ব্যর্থতার কারণগুলো অনুসন্ধান করিয়ে এবিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ শ্যামাসুন্দরী খালটি পুন:খননের বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি আরোও বলেন, রংপুর সিটি কর্পোরেশনে সরবরাহকৃত পানি যথাযথভাবে পরিশোধিত না হওয়ায় তা পান করা যায় না, তবে অন্যান্য কাজে ব্যবহার করা যায়। রংপুর পৌরসভা থাকাকালীন পানি সরবরাহের প্রধান পাইপ লাইন প্রতিস্থাপনের লক্ষ্যে এডিবি'র একটি প্রকল্পে ব্যাপক আর্থিক অনিয়ম হয়েছিল। তৎকালীন দুর্নীতি দমন ব্যুরো কর্তৃক বিষয়টি তদন্ত কার্যক্রম শুরু হলেও তদন্ত প্রতিবেদন আলোর মুখ দেখেনি মর্মে তিনি জানান। এ জাতীয় দুর্নীতি, অনিয়ম প্রতিরোধ তিনি সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন।

২৬.	সভাপতি এ পর্যায়ে রংপুর প্রেসক্লাবের সভাপতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বলেন গাড়ী ধোয়া ও গৃহস্থালি কাজের জন্য নদীর পানি ব্যবহারের প্রস্তাবটি একটি সময়োপযোগী প্রস্তাব। এ বিষয়ে পর্যালোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। মধ্যপ্রাচ্যে ধোয়া-মুছা, গৃহস্থালি ও রান্না এবং পান করা এই ০৩(তিন) ধরণের কাজের জন্য ০৩(তিন) ক্যাটাগরির পানি রয়েছে। আমরাও এধরণের চিন্তা ভাবনা করতে পারি। তিনি বর্জ্য ব্যবস্থাপনা ও শ্যামাসুন্দরী খাল পুন:খননের বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষ হতে রংপুর সিটি কর্পোরেশনের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে মর্মে জানান। আজকের সভায় সংযুক্ত হওয়া অংশীজনদের তিনি ধন্যবাদ জানান। ভবিষ্যতেও বিভিন্ন বিষয়ে মতামত/পরামর্শ গ্রহণের লক্ষ্যে তাদের সাথে আলোচনা করা হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

২৭.	**সভার সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনার শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে গণশুনানী (Public Hearning) গ্রহণ কার্যক্রম চলমান রাখতে হবে। গণশুনানীর নোটিশ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান প্রধান (সকল)] |
| ২। | রাজশাহী ওয়াসা অধিক্ষেত্রে স্থাপিত জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্লান্টগুলো সচল করা যায় কিনা তা পর্যালোচনা করে দেখতে হবে এবং সচল করা সম্ভব না হলে ১০/১১টি পয়েন্টে আয়রন ও ম্যাঙ্গানিজ Removal Plant করার জন্য প্রকল্পের একটি ডিপিপি প্রণয়নপূর্বক এ বিভাগে দাখিল করতে হবে। | (ক) রাজশাহী ওয়াসা<br>(খ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৩। | জন্ম ও মৃত্যু নিবন্ধন ফি বাবদ প্রাপ্ত অর্থ ব্যাংকের নির্ধারিত কোডে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করতে হবে। জমা প্রদানের চালান কপি ভেরিফিকেশনের সুবিধার্থে জন্ম ও মৃত্যু নিবন্ধকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (ক) সিটি কর্পোরেশন (সকল)<br>(খ) পৌরসভা (সকল)<br>(খ) ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ৪। | (১) জন্ম ও মৃত্যু নিবন্ধন সেবা যথাযথভাবে প্রদানের সুবিধার্থে সার্ভার ডাউনজনিত সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(২) জন্ম ও মৃত্যু নিবন্ধন সেবা প্রদানের বিষয়ে কেন্দ্রীয়ভাবে একটি কল সেন্টার চালু করার উদ্যোগ নিতে হবে। | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন |

| | | |
|---|---|---|
| ৫। | জন্ম নিবন্ধনের তথ্য সংশোধন কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে নিবন্ধনের তথ্য সংশোধনকারী কর্তৃপক্ষ তথা উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | (ক) পরিচালক, স্থানীয় সরকার (সকল)<br>(খ) উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল) |
| ৬। | পাবনা সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসারে হ্যাক হওয়া জন্ম ও মৃত্যু নিবন্ধন আইডি দ্রুত পুনরুদ্ধারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ডিডিএলজিগণের অনুকূলে চালুকৃত সরকারি ই-মেইল আইডি ও পাসওয়ার্ড তাদেরকে সরবরাহ করতে হবে। | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন |
| ৭। | রংপুর সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা ও শ্যামাসুন্দরী খাল পুন:খননের বিষয়ে রংপুর সিটি কর্পোরেশনের সাথে আলোচনাক্রমে এবিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) সিটি কর্পোরেশন-২ শাখা<br>(খ) রংপুর সিটি কর্পোরেশন। |

২৮. পরিশেষে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৪/১২/২০২২ খ্রি:
(মুহম্মদ ইব্‌রাহিম)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-**১৩৯৮(১/৩০)**

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯ / ০৪ ডিসেম্বর ২০২২

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩. পরিচালক, স্থানীয় সরকার ......................... বিভাগ (সকল)।
৪. উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ।

**দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৩. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/গাজীপুর/সিলেট/ময়মনসিংহ/খুলনা/রংপুর/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা সিটি কর্পোরেশন।

**অনুলিপি: জ্ঞাতার্থে/ কার্যার্থে**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি।

08.12.2022

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ইমেইল: lgcc1@lgd.gov.bd